শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

নম্বর: ৪৬.০০.০০০০.০৪২.১১.০০৪.১৭.১৫৮

তারিখ: ১৬ মাঘ ১৪২৯ / ৩০ জানুয়ারি ২০২৩

**বিষয়: লক্ষ্মীপুর জেলা পরিষদে সাংগঠনিক কাঠামোভুক্ত শূন্য পদে জনবল নিয়োগের ছাড়পত্র প্রদান।**

সূত্র: জেলা পরিষদ, লক্ষ্মীপুর এর স্মারক ৪৬.০০.৫১০০.০১.০৫.০৯.২০২২-৭৫৬, তারিখ: ২৯ ডিসেম্বর ২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা ও কর্মচারী চাকুরী বিধিমালা ১৯৯০ যথাযথ অনুসরণপূর্বক জেলা পরিষদ, লক্ষ্মীপুর এর নিম্নবর্ণিত শূন্য পদে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে নির্দেশক্রমে ছাড়পত্র প্রদান করা হলো:

| ক্রম | পদের নাম | শূন্য পদ সংখ্যা |
|---|---|---|
| ১. | সাঁটলিপিকার | ১(এক)টি |
| ২. | উচ্চমান সহকারী | ১(এক)টি |
| ৩. | নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক | ২(দুই)টি |
| ৪. | ফটোকপি অপারেটর-কাম দপ্তরী | ১(এক)টি |
| ৫. | অফিস সহায়ক | ২(দুই)টি |
| ৬. | সুইপার | ১(এক)টি |
| ৭. | দারোয়ান-কাম-কেয়ারটেকার | ১(এক)টি |
| | মোট= | ৯(নয়)টি |

**শর্তাবলী:**

১. পদসমূহ পূরণের ক্ষেত্রে যদি আদালতের কোন নিষেধাজ্ঞা থাকে, কোন রিট/মামলা বিচারাধীন থাকে, কোন মামলার রায় বাস্তবায়নের বিষয় অপেক্ষমান বা প্রক্রিয়াধীন থাকে, তাবে আদালতের নির্দেশনা যথাযথ বাস্তবায়নপূর্বক বিধি মোতাবেক শূন্য পদ পূরণের কার্যক্রম গ্রহণ করতে হবে;
২. প্রাপ্ত প্রস্তাবে শূন্য পদের সংখ্যায় কোন গরমিল থাকার কারণে কোন পদে অতিরিক্ত জনবল নিয়োগ করা হলে সেক্ষেত্রে তথ্য প্রদানকারী/নিয়োগকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে।
৩. সাংগঠনিক কাঠামো ও পদ সৃষ্টির আদেশে বর্ণিত পদনাম, বেতন গ্রেড এবং সংশ্লিষ্ট নিয়োগবিধি অনুসরণপূর্বক প্রতি পদের বিপরীতে মঞ্জুরীকৃত পদসংখ্যার ভিত্তিতে পদ পূরণ করতে হবে। এর ব্যত্যয় ঘটিলে সংশ্লিষ্ট নিয়োগকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে;
৪. পদসমূহ পূরণের ক্ষেত্রে ছাড়পত্রের বৈধতার মেয়াদ সর্বোচ্চ ৬(ছয়) মাস এবং উক্ত মেয়াদের মধ্যে নিয়োগ প্রক্রিয়ার সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং নির্দিষ্ট সময়সীমার মধ্যে পদ পূরণে অসমর্থ হলে নতুন করে ছাড়পত্র গ্রহণ করতে হবে;
৫. নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত সর্বশেষ নীতিমালা ও পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করতে হবে;
৬. নিয়োগ প্রক্রিয়া যথাযথভাবে সম্পন্ন করে ১৫(পনের) দিনের মধ্যে স্থানীয় সরকার বিভাগকে অবহিত করতে হবে;
৭. পদসমূহ পূরণ করার ক্ষেত্রে কমপক্ষে বহুল প্রচারিত ২(দুই)টি জাতীয় দৈনিক পত্রিকায় ও অফিসিয়াল ওয়েবসাইটে বিজ্ঞপ্তি জারি করতে হবে।

৩০/০১/২০২৩


এস এম নজরুল ইসলাম
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮
Email:lgzp@lgd.gov.bd


প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, লক্ষ্মীপুর

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো]।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

নম্বর: ৪৬.০০.০০০০.০৪২.১১.০০৪.১৭.**১৫৯**

তারিখ: ১৬ মাঘ ১৪২৯ / ৩০ জানুয়ারি ২০২৩

**বিষয়: লক্ষ্মীপুর জেলা পরিষদে সাংগঠনিক কাঠামোভুক্ত শূন্য পদে জনবল নিয়োগের ছাড়পত্র প্রদান।**

সূত্র: জেলা পরিষদ, লক্ষ্মীপুর এর স্মারক ৪৬.০০.৫১০০.০১.০৫.০৯.২০২২-৭৫৬, তারিখ: ২৯ ডিসেম্বর ২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকে 'দারোয়ান-কাম-কেয়ারটেকার' পদে সরাসরি জনবল নিয়োগের ছাড়পত্র প্রদানের জন্য অনুরোধ জানানো হয়। কিন্তু, উক্ত পদটি সাংগঠনিক কাঠামোভুক্ত নয়। ফলে আউটসোর্সিং প্রক্রিয়ার মাধ্যমে এ সংক্রান্ত সেবা ক্রয় করা সমীচীন হবে। উল্লেখ্য, আউটসোর্সিং এর মাধ্যমে জনবল নিয়োগের ক্ষেত্রে অর্থ বিভাগের সম্মতি গ্রহণ আবশ্যক। এ সংক্রান্ত প্রস্তাব প্রেরণের নির্ধারিত ছক এসাথে সংযুক্ত করা হলো।

২। এমতাবস্থায়, অর্থ বিভাগের নির্ধারিত ছকে 'দারোয়ান-কাম-কেয়ারটেকার' সংক্রান্ত সেবা ক্রয়ের প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: অর্থ বিভাগের নির্ধারিত ছক


এস এম নজরুল ইসলাম
উপসচিব
ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮
Email:lgzp@lgd.gov.bd


প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, লক্ষ্মীপুর

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো]।